

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ রাস্তার আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

রাস্তার হক- কষ্ট দেওয়া থেকে বিরত থাকা

পথের ধারে বসলে অথবা পথে চলাকালে কাউকে কস্ট দেওয়া যাবে না। যদিও অপরকে কস্ট দেওয়া যে কোন সময়ে হারাম, তবুও যেহেতু ঘরে থাকার চাইতে বাইরে রাস্তায় অপরকে কস্ট দেওয়ার আশক্ষা বেশী তাই রাস্তায় কাউকে কস্ট না দেওয়া রাস্তার একটি হক গণ্য করা হয়েছে।

الْمُسْلِمُ مَنْ سَلِمَ الْمُسْلِمُونَ مِنْ لِسَانِهِ وَيَدِهِ আসল"মুসলিম হল সেই ব্যক্তি, যার জিভ ও হাত থেকে অপর মুসলিম নিরাপদে থাকে।"[1]

আবৃ যার্র (রাঃ) বলেন, একদা আমি নবী (ﷺ) কে জিজ্ঞাসা করলেন, সবচেয়ে ভালো কাজ কী? উত্তরে তিনি বললেন, "আল্লাহর প্রতি ঈমান ও তাঁর রাস্তায় জিহাদ করা।" আমি বললাম, কোন্ শ্রেণীর ক্রীতদাস মুক্ত করা সবচেয়ে ভালো? তিনি বললেন, "যা মূল্যে সবচেয়ে বেশী এবং তার পরিবারের নিকট উত্তম।" আমি বললাম, "আমি যদি তা না পারি? তিনি বললেন, "তবে কোন কারিগরের সহযোগিতা কর অথবা যে কারিগর নয় তার কাজ করে দাও।" আমি বললাম, তাও যদি না পারি? তিনি বললেন, "তাহলে মানুষকে কষ্ট দেওয়া হতে বিরত থাকবে। আর সেটা হবে তোমার কাছ থেকে কৃত সাদকাহ।"[2] আর মহান আল্লাহ বলেন,

وَالَّذِينَ يُؤْذُونَ الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ بِغَيْرِ مَا اكْتَسَبُوا فَقَدِ احْتَمَلُوا بُهْتَانًا وَإِثْمًا مُبِينًا

অর্থাৎ, যারা মু'মিন পুরুষ ও নারীকে বিনা অপরাধে কষ্ট দেয়, তারা অপবাদ ও স্পষ্ট পাপের বোঝা বহন করে। (সূরা আহ্যাব-৩৩:৫৮ আয়াত)

ফুটনোট

- [1]. বুখারী তাওহীদ পাবঃ হা/১০, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/৪০ প্রমুখ
- [2]. বুখারী তাওহীদ পাবঃ হা/২৫১৮, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/৮৪ প্রমুখ

Source — https://www.hadithbd.com/books/link/?id=7961

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন